



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.com](mailto:info@nhrc.org.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/-২৩৯/১২-১০৮

তারিখ: ০৫ অক্টোবর ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

## নোয়াখালীতে নারীকে বিবস্ত্র করে নির্যাতনের ঘটনায় তীব্র নিন্দা প্রকাশ

নোয়াখালীর বেগমগঞ্জ এক নারীকে (৩৭) বিবস্ত্র করে নির্যাতনের ঘটনায় তীব্র নিন্দা প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি। উক্ত ঘটনায় দায়েরকৃত মামলার এজাহারের বরাত দিয়ে গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, তাঁর স্বামীকে বেঁধে রেখে আসামিরা তাঁকে ধর্ষণের চেষ্টা করেন। তাঁরা এ ঘটনার ভিডিওচিত্র ধারণ করেন। গত এক মাস ধরে তাঁরা এই ভিডিও ছড়িয়ে দেওয়ার কথা বলে তাঁকে অনৈতিক প্রস্তাব দেন। অনৈতিক প্রস্তাবে রাজি না হওয়ায় তাঁরা এই ভিডিও ছেড়ে দেন।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি মনে করেন এ ঘটনা আদিম যুগের বর্বরতাকেও হার মানায়। নির্যাতনকারীরা পশুর চেয়েও অধম। এমন জঘন্য ঘটনা কোনভাবেই গ্রহণযোগ্য নয় এবং এ ঘটনা মানবাধিকারের চরম লঙ্ঘন। নারীর মানবাধিকার সুরক্ষিত করার লক্ষ্যে নারীর প্রতি নির্যাতনের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন করা আবশ্যিক। নির্যাতনকারী যেই হোক না কেন তাকে আইনের আওতায় এনে দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করতে হবে। এঘটনায় আসামীদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার আহ্বান জানান তিনি।

উল্লেখ্য, কমিশন উক্ত ঘটনা স্বতঃপ্রণোদিত আমলে নিয়ে কমিশনের পরিচালক (অভিযোগ ও তদন্ত)-এর নেতৃত্বে ০২ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে। উক্ত কমিটি আগামীকাল ঘটনাস্থল পরিদর্শন করবে এবং আগামী ১০ কার্যদিবসের মধ্যে কমিটিকে প্রতিবেদন দাখিলের নির্দেশনা দেয়া হয়েছে।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ